রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ২৭, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**মজুরী বোর্ড শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ/২১ জুলাই ২০২০ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নম্বর ২০৯-আইন/২০২০।**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন "রাইস মিল" শিল্প সেক্টরের, অতঃপর উক্ত সেক্টর বলিয়া উল্লিখিত, শ্রমিক ও কর্মচারীগণের জন্য "নিম্নতম মজুরী বোর্ড" কর্তৃক সুপারিশকৃত, নিম্নের তপশিল 'ক' ও তপশিল 'খ'-তে বর্ণিত নিম্নতম মজুরির হারকে, নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, যথাক্রমে, উক্ত সেক্টরের শ্রমিক ও কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরির হার হিসাবে এতদ্বারা ঘোষণা করিল, যথা :—

**তপশিল 'ক'**
**শ্রমিকগণের নিম্নতম মজুরি হার**

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণি বিভাগ ও পদবিন্যাস | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ি ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহরে মূল মজুরির ৫০% ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | রেশন ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১। | **উচ্চতর দক্ষ :**<br>১। ফোরম্যান<br>২। বয়লার মিস্ত্রী<br>৩। ইঞ্জিন মিস্ত্রী | বিভাগীয় শহর | ৮৪৫০/- | ৪২২৫/- | ৭০০/- | ৪০০/- | ২০০/- | ১৩৯৭৫/- |
| | | অন্যান্য এলাকা | ৮৪৫০/- | ৩৩৮০/- | ৭০০/- | ৪০০/- | ২০০/- | ১৩১৩০/- |


মূল্য : টাকা ৮.০০

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২। | **দক্ষ :** | বিভাগীয় শহর | ৬৯০০/- | ৩৪৫০/- | ৭০০/- | ৪০০/- | ২০০/- | ১১৬৫০/- |
| | ১। সহকারী বয়লার মিস্ত্রী<br>২। ইলেকট্রিশিয়ান<br>৩। ড্রাইংম্যান<br>৪। ক্রাশিংম্যান/ হলারম্যান<br>৫। মেকানিক<br>৬। ফায়ারম্যান<br>৭। সহকারী ইঞ্জিন মিস্ত্রী | অন্যান্য এলাকা | ৬৯০০/- | ২৭৬০/- | ৭০০/- | ৪০০/- | ২০০/- | ১০৯৬০/- |
| ৩। | **আধা-দক্ষ :** | বিভাগীয় শহর | ৫৮৬০/- | ২৯৩০/- | ৭০০/- | ৪০০/- | ২০০/- | ১০০৯০/- |
| | ১। সহকারী ইলেকট্রিশিয়ান<br>২। সহকারী ড্রাইংম্যান<br>৩। সহকারী ক্রাশিংম্যান/ সহকারী হলারম্যান<br>৪। ফায়ারম্যান হেলপার<br>৫। হলারম্যান হেলপার<br>৬। বয়লার হেলপার | অন্যান্য এলাকা | ৫৮৬০/- | ২৩৪৪/- | ৭০০/- | ৪০০/- | ২০০/- | ৯৫০৪/- |
| ৪। | **অদক্ষ :** | বিভাগীয় শহর | ৪৬৫০/- | ২৩২৫/- | ৭০০/- | ৪০০/- | ২০০/- | ৮২৭৫/- |
| | চাতাল শ্রমিক ও অন্যান্য শ্রমিক | অন্যান্য এলাকা | ৪৬৫০/- | ১৮৬০/- | ৭০০/- | ৪০০/- | ২০০/- | ৭৮১০/- |

- **শিক্ষানবিশ শ্রমিকের ক্ষেত্রে :**

(ক) শিক্ষানবিশিকাল ৩ (তিন) মাস :

তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশিকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩ (তিন) মাস শিক্ষানবিশিকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়;

(খ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা প্রাপ্ত হইবেন; এবং

(গ) শিক্ষানবিশিকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট শ্রেণির স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

**তপশিল 'খ'**
**কর্মচারীগণের নিম্নতম মজুরি হার**

| ক্রমিক নম্বর | কর্মচারী শ্রেণি বিভাগ বা গ্রেড ও পদবিন্যাস | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ি ভাড়া ভাতা (টাকা) (বিভাগীয় শহরে মূল মজুরির ৫০% ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | রেশন ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১। | **গ্রেড-১ :** স্টোর কিপার একাউনটেন্ট | বিভাগীয় শহর | ৬৯০০/- | ৩৪৫০/- | ৭০০/- | ৪০০/- | ২০০/- | ১১৬৫০/- |
| | | অন্যান্য এলাকা | ৬৯০০/- | ২৭৬০/- | ৭০০/- | ৪০০/- | ২০০/- | ১০৯৬০/- |
| ২। | **গ্রেড-২ :** ১। কম্পিউটার অপারেটর ২। মেডিকেল এসিসট্যান্ট ৩। ক্লার্ক/অফিস সহকারী ৪। টাইম কিপার ৫। টাইপিস্ট ৬। স্টোর এসিসট্যান্ট ৭। ক্যাশিয়ার ৮। টেলিফোন অপারেটর ৯। ড্রাইভার | বিভাগীয় শহর | ৫৮৬০/- | ২৯৩০/- | ৭০০/- | ৪০০/- | ২০০/- | ১০০৯০/- |
| | | অন্যান্য এলাকা | ৫৮৬০/- | ২৩৪৪/- | ৭০০/- | ৪০০/- | ২০০/- | ৯৫০৪/- |
| ৩। | **গ্রেড-৩:** ১। পিয়ন ২। দারোয়ান ৩। নৈশ পাহাড়াদার ৪। ঝাড়ুদার | বিভাগীয় শহর | ৪৬৫০/- | ২৩২৫/- | ৭০০/- | ৪০০/- | ২০০/- | ৮২৭৫/- |
| | | অন্যান্য এলাকা | ৪৬৫০/- | ১৮৬০/- | ৭০০/- | ৪০০/- | ২০০/- | ৭৮১০/- |

- **শিক্ষানবিশ কর্মচারীর ক্ষেত্রে:**
  (ক) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ কর্মচারী মাসিক সর্বসাকুল্যে=৫০০০/-(পাঁচ হাজার) টাকা প্রাপ্ত হইবেন;
  (খ) শিক্ষানবিশিকাল ৬(ছয়) মাস; এবং
  (গ) শিক্ষানবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ কর্মচারী সংশ্লিষ্ট শ্রেণি বা গ্রেডের স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন।

**শর্তাবলি**

১। তপশিল 'ক' ও 'খ' তে উল্লিখিত নিম্নতম মজুরি হার সমগ্র বাংলাদেশের "রাইস মিল" শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে;

২। তপশিল 'ক' ও 'খ' তে উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ উক্ত সেক্টরে পূর্ব হইতে বিদ্যমান অথবা পরবর্তীতে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণি বা গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে;

৩। তপশিল 'ক' ও 'খ' তে উল্লিখিত শ্রমিক বা কর্মচারী বর্তমানে যে শ্রেণি বা গ্রেডে কর্মরত রহিয়াছেন সেই শ্রেণি বা গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে এবং কোনো শ্রমিক বা কর্মচারীকে নিম্ন শ্রেণি বা গ্রেডভুক্ত করা যাইবে না;

৪। এই প্রজ্ঞাপন জারির সঙ্গে সঙ্গে উক্ত সেক্টরের মালিকগণ তপশিল 'ক' ও 'খ' তে উল্লিখিত শ্রেণি বিভাগ ও পদবিন্যাস অনুযায়ী শ্রমিক বা কর্মচারীগণকে যথাযথ শ্রেণি বা গ্রেডে সন্নিবেশিত করিয়া মজুরি রেজিস্টারভুক্তকরত মজুরি স্লিপ প্রদান করিবেন;

৫। কোনো শ্রমিক বা কর্মচারীকে তপশিল 'ক' ও 'খ' তে উল্লিখিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করা যাইবে না;

৬। উক্ত সেক্টরের কোনো শ্রমিক বা কর্মচারীকে এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা অধিক হারে মজুরি প্রদান করা হইলে উহা কোনো ক্রমেই হ্রাস করা যাইবে না;

৭। উক্ত সেক্টরের শ্রমিক বা কর্মচারী এবং নিয়োগকর্তা বা মালিকপক্ষের মধ্যে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক বা কর্মচারীকে এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত হারের অধিক হারে মজুরি নির্ধারণ ও প্রদান করা যাইবে;

৮। উক্ত সেক্টরের কোনো শ্রমিক বা কর্মচারী ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরিপ্রাপ্ত হইলে তিনিও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২ (৬৫) অনুযায়ী 'শ্রমিক' বলিয়া গণ্য হইবেন। কোনো ঠিকাদার কোনো শ্রমিক বা কর্মচারীকে নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা কোনোক্রমেই কম মজুরি প্রদান করিতে পারিবেন না এবং উক্ত সেক্টরের কোনো শ্রমিক বা কর্মচারীর ঠিকাদারের নিকট হইতে প্রাপ্য মজুরি প্রাপ্তির ক্ষেত্রে কোনো সমস্যার সম্মুখীন হইলে তাহার দায়-দায়িত্ব সম্পূর্ণভাবে সংশ্লিষ্ট মালিকের উপর বর্তাইবে;

৯। উক্ত সেক্টরে শ্রমিক বা কর্মচারী সরবরাহ বা নিয়োগের জন্য নিয়োজিত ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ এর বিধান অনুযায়ী উক্ত সেক্টরের মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন;

১০। উক্ত সেক্টরের মালিক যদি শ্রমিককে ফুরনভিত্তিক (Piece Rate) মজুরি প্রদান করিয়া থাকেন, তাহা হইলে এই প্রজ্ঞাপন জারির সঙ্গে সঙ্গে উক্ত শ্রমিককে নির্দিষ্ট শ্রেণিভুক্ত করিয়া নির্ধারিত নিম্নতম মজুরি প্রদান করিতে হইবে;

১১। তপশিল 'ক' ও 'খ' তে উল্লিখিত নিম্নতম মজুরি ও বিভিন্ন ভাতাদি ছাড়াও উক্ত সেক্টরের কোনো শ্রমিক বা কর্মচারী কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক উহা ধারাবাহিকভাবে বলবৎ ও অব্যাহত থাকিবে;

১২। তপশিল 'ক' ও 'খ' তে উল্লিখিত নিম্নতম মজুরি সমন্বয় করিয়া ০১ (এক) বৎসর কর্মরত থাকিবার পর শ্রমিক বা কর্মচারীগণের মূল মজুরির ৫% (শতকরা পাঁচ শতাংশ) হারে বাৎসরিক ভিত্তিতে মজুরি বৃদ্ধি পাইবে এবং পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় মূল মজুরির ৫% (শতকরা পাঁচ শতাংশ) হারে বৃদ্ধি পাইবে;

ব্যাখ্যা: যদি একজন শ্রমিক বা কর্মচারীর মূল মজুরি ৪,৬৫০/- (চার হাজার ছয়শত পঞ্চাশ) টাকা হয়, তাহা হইলে ০১ (এক) বৎসর কর্মরত থাকিবার পর উক্ত শ্রমিক বা কর্মচারীকে বাৎসরিক মজুরি বৃদ্ধি পাইয়া তাহার মূল মজুরি ৪,৮৮২.৫০/- (চার হাজার আটশত বিরাশি টাকা পঞ্চাশ পয়সা) টাকা নির্ধারিত হইবে এবং পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে তাহার মূল মজুরি ৪,৮৮২.৫০/- (চার হাজার আটশত বিরাশি টাকা পঞ্চাশ পয়সা) টাকার ৫% (শতকরা পাঁচভাগ) বৃদ্ধি পাইয়া ৫,১২৬.৬২/- (পাঁচ হাজার একশত ছাব্বিশ টাকা বাষট্টি পয়সা) টাকা মূল মজুরি নির্ধারিত হইবে;

১৩। উক্ত সেক্টরে নিযুক্ত শ্রমিক বা কর্মচারী বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট বিধান অনুযায়ী অন্যান্য ভাতা ও সুবিধাদি প্রাপ্য হইবেন;

১৪। উক্ত সেক্টরের মালিক যদি কোনো শ্রমিক বা কর্মচারীকে আবাসন সুবিধা প্রদান করিয়া থাকেন, তাহা হইলে সেই ক্ষেত্রে উক্ত আবাসন সুবিধা গ্রহণকারী শ্রমিক বা কর্মচারীর ক্ষেত্রে বাড়ি ভাড়া ভাতা প্রযোজ্য হইবে না; এবং

১৫। উপরি-উক্ত শর্তাবলির কোনো অংশ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সহিত সাংঘর্ষিক হইলে সেই অংশটুকু বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দিল আফরোজা বেগম**
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd